

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন,
৫, কাওরানবাজার, ঢাকা-২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৪.১৯. ২৯


তারিখঃ ১৩/০১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ কারন দর্শানো নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার পূর্ববর্তী কর্মস্থল যশোর জেলার বাঘারপাড়া উপজেলায় কর্মকালীন সময়ে নিম্নবর্ণিত অনিয়মসমূহ হয়েছেঃ

১. কর্মসূচির নীতিমালা ও আর্থিক বিধি বিধান অনুসরণ না করা এবং কোন রেকর্ডপত্র ছাড়াই সরাসরি চেক স্বাক্ষর করায় ২৫৩৭১৮৩.০০ টাকা আত্মসাতের সুযোগ সৃষ্টিসহ উক্ত উপজেলায় সর্বমোট ২৯,৩৬,২৩১.০০ টাকার আর্থিক অনিয়ম সংগঠিত হয়;
২. অনিয়মতান্ত্রিকভাবে বিতরণের উদ্দেশ্যে কোনরূপ রেকর্ডপত্র ছাড়াই ০২ টি সমিতির বিপরীতে মোট ১৫.০০ লক্ষ টাকার চেক স্বাক্ষর;
৩. ঋণ তহবিলের প্রয়োজনীয়তা যাচাই না করে অনিয়মতান্ত্রিকভাবে বিতরণের উদ্দেশ্যে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের ২টি স্থায়ী আমানত এর মোট ২৮.১৭ লক্ষ টাকা উপপরিচালকের অনুমোদনক্রমে নগদায়ন ;
৪. কর্মসূচির নীতিমালা অনুযায়ী সম্মানীভাতা গ্রহণের সুযোগ না থাকলেও জুলাই/১৮ থেকে জুন/১৯ খ্রিঃ ১২ মাসে সম্মানী ভাতা বাবদ ১৫০০*১২=১৮,০০০.০০ টাকা অনিয়মতান্ত্রিকভাবে গ্রহন;
৫. জুলাই'১৯ হতে নভেম্বর'১৯ পর্যন্ত কর্মসূচীর বাজেট বহির্ভূত আনুসঙ্গিক ব্যয় খাতে অনিয়মতান্ত্রিকভাবে সর্বমোট ০.৮১ লক্ষ টাকা উত্তোলন ;
৬. কর্মসূচির নীতিমালা অনুযায়ী জুলাই/১৮ খ্রিঃ মাস থেকে কর্মকর্তা/কর্মচারী কমিশন ও ম্যানেজার কমিশন প্রদানের সুযোগ না থাকা সত্ত্বেও বেতনভাতা অ্যাকাউন্ট হতে কর্মচারী কমিশনের নামে মোট ৯০,৯৮৫.০০ টাকা এবং ঋণ ও বেতনভাতা অ্যাকাউন্ট হতে ম্যানেজার কমিশন বাবদ মোট ২,৯৪,৭৮০.০০ টাকা অনিয়মতান্ত্রিকভাবে উত্তোলন;

এমতাবস্থায়, যশোর জেলার বাঘারপাড়া উপজেলায় আপনার কর্মকালীন সংঘটিত অনিয়মসমূহ প্রমাণিত হওয়ায় কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।


আবদুর রশিদ
পরিচালক (সরেজমিন)

জনাব রাজীবুল হাসান
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
কালিয়া, নড়াইল।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর/নড়াইল।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. ব্যক্তিগত/সংশ্লিষ্ট নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব।